তারিখ 26 JUL 2016
পৃষ্ঠা 8 কলাম 9

সংবাদ

রূপগঞ্জে

# স্কুল শিক্ষার্থী ধর্ষিত, ধর্ষক গ্রেফতার

প্রতিনিধি, রূপগঞ্জ (নারায়ণগঞ্জ)

নারায়ণগঞ্জের রূপগঞ্জে এক স্কুল শিক্ষার্থীকে ধর্ষণের অভিযোগে কবির বেপারী (৪০) নামে এক ধর্ষককে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল দুপুরে উপজেলার কায়েতপাড়া ইউনিয়নের নাওড়া এলাকা থেকে ওই ধর্ষককে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত কবির বেপারী ওই এলাকার রবিউল ইসলামের ছেলে। রূপগঞ্জ থানার ওসি ইসমাইল হোসেন জানান, গত রোববার বিকেলে নাওড়া এলাকার একটি কিন্ডারগার্টেন স্কুলের এক শিক্ষার্থীকে ঝালমুড়ি খাওয়ার প্রলোভন দেখিয়ে পার্শ্ববর্তী বাড়িতে নিয়ে যায় লম্পট কবির বেপারী। এ সময় ওই স্কুল শিক্ষার্থীকে জোরপূর্বক ধর্ষণ করে পালিয়ে যায় লম্পট কবির বেপারী। পরে পরিবারের লোকজন প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে উন্নত চিকিৎসার জন্য নারায়ণগঞ্জ জেনারেল হাসপাতালে ভর্তি করেন। এ ঘটনায় ধর্ষিতার পিতা বাদী হয়ে রূপগঞ্জ থানায় একটি মামলা দায়ের করেন। গোপন সংবাদের ভিত্তিতে দুপুরে নাওড়া এলাকায় ধর্ষক কবির বেপারীকে গ্রেফতার করে পুলিশ। আসামিকে নারায়ণগঞ্জ আদালতে পাঠানো হয়েছে।